দৈনিক বাংলা

তারিখ ... 06 JAN 1999
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩

25

# ডেন্টাল কলেজে অপ্রীতিকর ঘটনা

॥মেডিক্যাল রিপোর্টার॥

ঢাকা ডেন্টাল কলেজের বিডিএস শেষ বর্ষের একজন মেধাবী ছাত্রকে দুজন পরীক্ষক ইচ্ছাকৃতভাবে ফেল করিয়ে দিয়েছেন এই অভিযোগে ডেন্টাল কলেজের একদল বিক্ষুব্ধ ছাত্র

( ৩-এর পৃঃ দ্রঃ )

## ডেন্টাল কলেজে

(প্রথম পৃঃ পর)

অর্থোডেন্টিশিয়া বিভাগের দুজন অধ্যাপকের কক্ষ ভাঙচুর করে।

উল্লেখ্য, নেপালী ছাত্র প্রসন্ত সেরেস্তা বিডিএস প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষের প্রতিটি বিষয়ে অনার্স মার্ক পেয়ে প্রথম স্থান অধিকার করেন। গত মাসে বিডিএস চূড়ান্ত বর্ষের পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু ফল প্রকাশের পর দেখা যায় লিখিত পরীক্ষায় সেরেস্তা সর্বাধিক নম্বর পেয়েও অর্থোডেন্টিশিয়া মৌখিক পরীক্ষায় ফেল করেন। তার কাছে এই ফল অবিশ্বাস্য মনে হয়। এ ঘটনাটি কলেজের অন্য ছাত্র-ছাত্রীদের বিক্ষুব্ধ করে তোলে।

এ ব্যাপারে গতকাল মেডিক্যাল ফ্যাকাল্টির ডীনের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, যেহেতু মৌখিক পরীক্ষা তাই এর কোন ডকুমেন্ট নেই। লিখিত পরীক্ষা হলে বিষয়টি রিভিউ করে দেখা সম্ভব হতো। এ ব্যাপারে আমরা নিরুপায়।

নেপালী ছাত্র প্রসন্ত সেরেস্তা জানিয়েছেন যে তিনি ঐ বিভাগের দুজন শিক্ষকের ব্যক্তিগত আক্রোশের শিকার এবং এ ব্যাপারে তিনি আইনের আশ্রয় নেবেন।